

■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬৫৪

২০/ পানীয় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৪৩৫. মদের পাত্র সম্পর্কে।

بَابِ فِي الْأَوْعِيَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو أَحْمَدُ، حَدَّثَنَا سُفِيَّانُ، عَنْ عَلَيِّ بْنِ بَذِيْمَةَ، حَدَّثَنِي
قَيْسُ بْنُ حَبْرٍ النَّهْشَلِيُّ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ وَفْدَ عَبْدِ الْقَيْسِ، قَالُوا يَا رَسُولَ اللَّهِ فِيمَ
نَشَرَبُ قَالَ "لَا تَشْرِبُوْا فِي الدُّبَابِيِّ وَلَا فِي الْمُرَفَّتِ وَلَا فِي النَّقِيرِ وَانْتَبِذُوْا فِي الْأَسْقِيَةِ".
قَالُوا يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَشْتَدُ فِي الْأَسْقِيَةِ قَالَ "فَصُبُّوْا عَلَيْهِ الْمَاءَ". قَالُوا يَا رَسُولَ
اللَّهِ . فَقَالَ لَهُمْ فِي التَّالِثَةِ أَوِ الرَّابِعَةِ "أَهْرِيقُوهُ". ثُمَّ قَالَ "إِنَّ اللَّهَ حَرَمَ عَلَىَّ أَوْ حُرِّمَ
الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْكُوبَةُ". قَالَ "وَكُلُّ مُسْكِرٍ حَرَامٌ". قَالَ سُفِيَّانُ فَسَأَلْتُ عَلَيِّ بْنَ
بَذِيْمَةَ عَنِ الْكُوبَةِ قَالَ الطَّبَلُ.

বাংলা

৩৬৫৪. মুহাম্মদ ইবন বাশশার (রহঃ) ইবন আবুস রাওঃ থেকে বর্ণিত। তিনি বলেন, আবদুল কায়স গোত্রের লোকেরা জিজ্ঞাসা করেছিলঃ ইয়া রাসূলাল্লাহ! আমরা কোন পাত্রে পান করবো? তিনি বলেনঃ তোমরা কদুর খোলে তৈরী পাত্রে, শীশার তৈরী পাত্রে এবং কাঠের তৈরী পাত্রে পান করবে না। বরং তোমরা মশকের মধ্যে নবীয ভিজিয়ে রাখবে। তখন তাঁরা জিজ্ঞাসা করেনঃ ইয়া রাসূলাল্লাহ! মশকের মধ্যে ভিজিয়ে রাখার কারণে যদি নবীয়ের তীব্রতা বৃদ্ধি পায়? তিনি বলেনঃ তবে তাতে আরো পানি মিশাবে। পরে তাঁরা আবার এরপুর জিজ্ঞাসা করলে তিনি তাদের তৃতীয় অথবা চতুর্থবারের জিজ্ঞাসার জবাবে বলেনঃ এমতাবস্থায় তোমরা নবীয ঢেলে ফেলে দেবে। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেনঃ সব ধরনের নেশা সৃষ্টিকারী বস্তুই হারাম।

রাবী সুফয়ান (রহঃ) বলেনঃ আমি আলী ইবন বুয়ায়মা (রাঃ)-কে কুবা সম্পর্কে জিজ্ঞাসা করি। তিনি বলেনঃ কুবার অর্থ হলো-টোল, যার দু'মুখ আবৃত অর্থাৎ তবলা।

English

Ibn 'Abbas said :

The deputation of 'Abd al-Qais asked (the prophet): From which(vessels)should we drink ? He (the prophet) replied: Do not drink from the pumpkins, vessels smeared with pitch, and hollow stumps , and steep dates in skins. They asked: Messenger of Allah, if it ferments? He replied: infuse water in it. They asked: Messenger of Allah..." (repeating the same words). He replied to them third or fourth time: Pour it away. He then said: Allah has forbidden me, or he said: He has forbidden me wine, game of chance and kubah(drums). He said: Every intoxicant is unlawful. Sufyan said: I asked 'All b. Badhimah about kubah . He replied: Drum.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুজ্জাহ ইবনু আবাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=35761>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন